

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯৩

পর্ব-১: ত্বহরাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭৬: মুখমণ্ডল ধোয়ার সংখ্যা

عَدَدُ غَسْلِ الْوَجْهِ

আরবী

أَخْبَرَنَا سُؤَيْدُ بْنُ نَصْرٍ، قَالَ: أُنْبَأَنَا عَبْدُ اللَّهِ وَهُوَ ابْنُ الْمُبَارَكِ، عَنْ شُعْبَةَ، عَنْ مَالِكِ بْنِ عُرْفُطَةَ، عَنْ عَبْدِ خَيْرٍ، عَنْ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ، أَنَّهُ أُتِيَ بِكُرْسِيِّ فَقَعَدَ عَلَيْهِ، ثُمَّ دَعَا بِتَوْرٍ فِيهِ مَاءٌ فَكَفَأَ عَلَى يَدَيْهِ ثَلَاثًا، ثُمَّ مَضَمَضَ وَاسْتَنْشَقَ بِكَفٍّ وَاحِدٍ ثَلَاثَ مَرَّاتٍ، وَغَسَلَ وَجْهَهُ ثَلَاثًا، وَغَسَلَ ذِرَاعَيْهِ ثَلَاثًا ثَلَاثًا، وَأَخَذَ مِنَ الْمَاءِ فَمَسَحَ بِرَأْسِهِ، وَأَشَارَ شُعْبَةُ مَرَّةً مِنْ نَاصِيَّتِهِ إِلَى مُؤَخَّرِ رَأْسِهِ، ثُمَّ قَالَ: لَا أُدْرِي أَرَدَهُمَا أَمْ لَا، وَغَسَلَ رِجْلَيْهِ ثَلَاثًا ثَلَاثًا . ثُمَّ قَالَ: مَنْ سَرَّهُ أَنْ يَنْظُرَ إِلَى طُهُورِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَهَذَا طُهُورُهُ. وَقَالَ أَبُو عَبْدِ الرَّحْمَنِ: هَذَا خَطَأٌ، وَالصَّوَابُ خَالِدُ بْنُ عَلْقَمَةَ لَيْسَ مَالِكُ بْنُ عُرْفُطَةَ.

تخريج دارالدعوة: انظر حديث رقم: ٩١، (تحفة الأشراف: ١٠٢٠٣) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 93 – صحيح

বাংলা

৯৩. সুওয়াইদ ইবনু নাসর (রহ.) 'আলী (রাঃ) থেকে বর্ণিত। তাঁর নিকট একটি বসার চৌকি নিয়ে আসা হয় এবং তিনি তাতে উপবেশন করেন। পরে পানি ভর্তি একটি পাত্র আনতে বলেন। (পানি আনা হলে) পাত্রটি কাত করে তিনি উভয় হাতের উপর তিনবার করে পানি ঢালেন। পরে এক এক অঙ্গুলি পানি দ্বারা তিনবার কুলি করেন ও নাকে পানি দেন এবং তিনবার মুখমণ্ডল ধৌত করেন। আর তিনবার করে কনুই পর্যন্ত উভয় হাত ধৌত করেন এবং হাতে কিছু পানি নিয়ে মাথা মাসাহ করেন। শুবাহ্ (আলোচ্য হাদীসের রাবী) তার মাথার অগ্রভাগ থেকে মাথার শেষ ভাগ পর্যন্ত একবার ইঙ্গিত করে দেখান এবং বলেন, তিনি হাত দু'টি সম্মুখের দিকে ফিরিয়ে এনেছিলেন কিনা তা আমার স্মরণ নেই। আর তিনি ['আলী (রাঃ)] তিনবার করে দু' পা ধৌত করেন এবং বলেন,

যে ব্যক্তি রাসূলুল্লাহ (সা.) -এর উযু দেখে খুশি হতে চায় (সে যেন আমার এ উযু দেখে); এটাই তাঁর উযু। আবু আবদুর রহমান (ইমাম নাসায়ী) বলেন, 'আলী (রাঃ) হতে বর্ণনাকারী মালিক ইবনু উরফুতাহ নন, সঠিক হল খালিদ ইবনু 'আলকামাহ (রহ.)।

English

76. The Number Of Times The Face Be Washed

It was narrated from 'Abd Khair, that 'Ali (may Allah be pleased with him) was brought a chair, and he sat down on it, then he called for a vessel of water which he tilted onto his hand three times, then he rinsed his mouth and nose with one hand, three times, he washed his face three times, washed each forearm three times, and took some of the water and wiped his head. One one occasion (One of the narrators) Shu'bah, indicated (that he wiped) from his forelock to the back of his head, then said: I do not know whether he brought his hands back or not. And he washed each foot three times, then he said: 'Whoever would like to see how the Messenger of Allah (ﷺ) purified himself, this is how he purified himself.' Abu 'Abdur-Rahman said: This is a mistake. What is correct is Khalid bin 'Alqamah, not Malik bin 'Urfutah.

ফুটনোট

সহীহ: আবু দাউদ ১১৩, মুসনাদে আহমাদ ৯৮৯, নাসায়ী'র “সুনানুল কুবরা” ৯৭, সহীহ আবু দাউদ ১০২।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86364>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন